

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২২৬. কোন কিছু সামান্য হলেও তা কাউকে সাদাকা করতে অবহেলা করা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) প্রায়ই বলতেন:

"হে মুসলিম মহিলারা! কোন প্রতিবেশী তার প্রতিবেশীকে কোন কিছু তা যদিও অতি সামান্য হয় তুচ্ছ মনে করে দেয়া থেকে বিরত থাকবে না এমনকি তা ছাগলের খুরই বা হোক না কেন"।[1]

উম্মু বুজাইদ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি একদা রাসূল (সা.) কে বললাম: হে আল্লাহ্'র রাসূল! অনেক সময় গরিব লোক এসে আমার দরজায় ধন্না দেয়; অথচ আমার কাছে তখন দেয়ার মতো কিছুই থাকে না। তখন রাসূল (সা.) বললেন:

''যদি তুমি ছাগলের একটি পোড়া খুরও পাও তাই তুমি তার হাতে তুলে দিবে। অন্য বর্ণনায় রয়েছে, তুমি ভিক্ষুককে ফিরিয়ে দিবে না। একটি খুর দিয়ে হলেও তাকে বিদায় দিবে''।[2]

আসমা' (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি একদা নবী (সা.) এর নিকট গিয়ে তাঁকে বললাম। হে আল্লাহ্'র নবী! আমার নিজস্ব কোন সম্পদ নেই। শুধু ততটুকুই যা আমাকে আমার স্বামী যুবাইর দিয়ে থাকে। আমি ততটুকু থেকেই যদি সামান্য কিছু অংশ কাউকে সাদাকা করে দেই তাতে কোন অসুবিধা আছে কি? তখন রাসূল (সা.) ইরশাদ করেন:

''যা পারো দান করতে থাকো। টাকা-পয়সা ধরে রেখো না তা হলে আল্লাহ্ তা'আলাও তাঁর নিয়ামত সমূহ ধরে রাখবেন''।[3]

ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৬০১৭ মুসলিম, হাদীস ১০৩০)
- [2] (তিরমিয়ী, হাদীস ৬৬৫ স'হীহুত্ তারগীবি ওয়াত্ তার্হীব, হাদীস ৮৮৪ আবু দাউদ, হাদীস ১৬৬৭)



[3] (বুখারী, হাদীস ১৪৩৪ মুসলিম, হাদীস ১০২৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11476

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন